

“কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ” শীর্ষক প্রকল্প
পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া।

প্রকল্প বাস্তবায়ন কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব খলিল আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

তারিখ: ২৬ জুন ২০২১

সময়: দুপুর ১২:০০টা

স্থান: পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (জুম প্লাটফর্মের মাধ্যমে)।


সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব এবং এ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করার জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে উপ-প্রকল্প পরিচালক (ক) পূর্ববর্তী সভার (৩য় সভার) কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ, (খ) ২৪ জুন, ২০২১ পর্যন্ত প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং (গ) বিবিধ বিষয়ে উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.১	পূর্ববর্তী সভার (৩য় সভার) কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ	৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক সঠিক প্রশিক্ষণার্থী বাছাইয়ের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য চাষ প্রযুক্তি প্রদর্শনীর উপকরণসমূহ ই-জিপির মাধ্যমে সংগ্রহ করে উপজেলা পর্যায়ে ৪ (চার) সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে নির্বাচিত সুফলভোগীদের মাঝে বিতরণ করা হচ্ছে।	সভার সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়িত হওয়ায় গত সভার কার্যবিবরণীটি এ সভায় দৃঢ়করণ করা হয়।
২.১	২৪ জুন, ২০২১ পর্যন্ত প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা	উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ২৪ জুন, ২০২১ পর্যন্ত প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপ। করোনার কারণে কার্যক্রম অনেক সময় পিছিয়ে গেছে। ক) প্রকল্পের সুফলভোগী বাছাইয়ের জন্য মোবাইল অ্যাপ ব্যবহারের মাধ্যমে বেজলাইন সার্ভের কাজ চলমান রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সম্পাদিত খানা জরিপ-২০১৬ এর মাধ্যমে প্রস্তুতকৃত তালিকার ভিত্তিতে জরিপ কাজ সম্পাদন করা হচ্ছে। জুন ২০২১ পর্যন্ত নির্ধারিত ৮৪ টি ইউনিয়ন/পৌরসভার মধ্যে ৬৪টি ইউনিয়নের জরিপ কাজ সম্পন্ন হয়েছে। খ) কুড়িগ্রাম ও জামালপুর জেলার ৩৩ টি ইউনিয়নে এ পর্যন্ত মোট ৭,২০৫ জন সুফলভোগীর নিকট ৭,২০৫টি বকনা গরু সংশ্লিষ্ট কর্তৃক ক্রয়পূর্বক হস্তান্তর করা হয়েছে। গ) ৪৫ টি ব্যাচে মোট ২,৭৯৫ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঘ) মৎস্য চাষ প্রযুক্তি প্রদর্শনীর উপকরণ ই-জিপির মাধ্যমে ক্রয় করে ৮টি উপজেলায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে আহ্বায়ক করে ৪ (চার) সদস্যবিশিষ্ট কমিটির মাধ্যমে বিতরণ করা হচ্ছে। ঙ) কৃষিপন্য প্রক্রিয়াকরণ ও বিপন্ন কেন্দ্র (এপিএম) স্থাপনের	১। নির্বাচিত উপকারভোগীদের মধ্যে দ্রুত গরু হস্তান্তর করতে হবে। ২। এপিএম ইউনিট তৈরির জন্য দ্রুত টেন্ডার আহ্বান করতে হবে। বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

		জন্য কুড়িগ্রাম জেলার ৪টি (নাগেশ্বরী, রাজারহাট, উলিপুর ও চিলমারী) উপজেলায় ভূমি হস্তান্তর কাজ সম্পন্ন হয়েছে। জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় ভূমি হস্তান্তর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া মাদারগঞ্জ উপজেলায় চূড়ান্ত প্রাক্কলন পেয়ে জেলা প্রশাসক বরাবর অর্থ প্রেরণ করা হয়েছে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় চূড়ান্ত প্রাক্কলন অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ই-জিপি'র মাধ্যমে ভূমি উন্নয়নের টেন্ডার আহবান করা হয়েছে। তবে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুযায়ী ৩০ জুন, ২০২১ পর্যন্ত পূর্ত কাজের কার্যাদেশ দেয়া স্থগিত রয়েছে।	
৩.১	প্রকল্প জনবলের বেতন-ভাতা বিষয়ে আলোচনা	প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্প জনবলের জন্য বেতন-ভাতা জুন, ২০২২ পর্যন্ত ধরা থাকার কথা থাকলেও দেখা যায় যে, এপ্রিল, ২০২২ পর্যন্ত বেতন-ভাতা রয়েছে। অর্থাৎ ২০২১-২২ অর্থবছরের ১২ মাসের জায়গায় ১০ মাসের বেতন-ভাতা রয়েছে। এমতাবস্থায় আন্তঃখাত সমন্বয় করে বেতন-ভাতা খাতে অতিরিক্ত অর্থ প্রয়োজন।	আন্তঃখাত সমন্বয়ের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে। বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।
৩.২	প্রকল্পের সময়সীমা বৃদ্ধিকরণ	সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কার্যক্রমের মেয়াদ আর মাত্র ০১ (এক) বছর বাকি আছে কিন্তু প্রকল্পের সার্বিক অগ্রগতির পরিমাণ মাত্র ২৪%। প্রকল্প বাস্তবায়নের প্রারম্ভে সুফলভোগী নির্বাচনে জটিলতা, ভূমি অধিগ্রহণ, প্রকল্পের কম্পোনেন্ট বেশি এবং সর্বোপরি কোভিড-১৯ অতিমারীর কারণে প্রকল্পের কার্যক্রম পিছিয়ে পড়ে। প্রকল্পটি ভালভাবে বাস্তবায়ন করতে হলে আরো ২ (দুই) বছর সময় বৃদ্ধি করা প্রয়োজন। সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	মেয়াদ বৃদ্ধির বিষয়টি আরো নির্দিষ্টভাবে আগামী পিআইসি সভায় উপস্থাপনের জন্য বলা হয়। বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সবার সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খালিল আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

এবং

সভাপতি

প্রকল্প বাস্তবায়ন কমিটি

“কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক
জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ” শীর্ষক প্রকল্প।